

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.৯৯.০০৩.১৮ -৫১৬

তারিখঃ ২৯ আশ্বিন ১৪২৬ ব.  
১৪ অক্টোবর ২০১৯ খ্রি.

বিষয়ঃ বিজ্ঞ সহকারী জজ আদালত, পটুয়াখালীতে দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং-৫২/২০০৯ মামলার ২০/০৬/২০১২ খ্রি. তারিখের রায় এবং দেওয়ানী আপীল নং-১৭/২০১৩ মামলার ১৯/০২/২০১৭ খ্রি. তারিখের রায় সংক্রান্ত তথ্য প্রেরণ প্রসংগে।

সূত্রঃ ডিজি, ডিএমই এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭(৪).১৯-২১৫, তারিখ: ২৯/০৭/২০১৯।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিজ্ঞ সহকারী জজ আদালত, পটুয়াখালীতে দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং-৫২/২০০৯ মামলার ২০/০৬/২০১২ খ্রি. তারিখের রায় এবং দেওয়ানী আপীল নং-১৭/২০১৩ মামলার ১৯/০২/২০১৭ খ্রি. তারিখের রায় অনুযায়ী পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন পূর্ব খাজুর বাড়িয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: আব্দুল মতিন এর বকেয়া বেতন-ভাতাদি (এমপিও) পরিশোধের বিষয়ে নির্দেশনা চাওয়া হয়েছে।

২। উল্লেখ্য- আলোচিত সুপার জনাব মো: আব্দুল মতিন-কে কি কারণে সাময়িক বরখাস্ত করা হয়েছিলেন সে বিষয়ে সূত্রোক্ত পত্রে বা প্রতিষ্ঠানের আবেদনে স্পষ্ট করা হয়নি। তাছাড়া সুপার পদে পুনর্বহালের বিষয়ে প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির রেজুলেশনের কপি এবং সুপার পদে জনাব মো: আব্দুল মতিন-কে পুনর্বহালের যোগদান পত্র না থাকায় তাঁর (জনাব মো: আব্দুল মতিন এর) বকেয়া প্রদানের বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য উক্ত তথ্যাদি আবশ্যিক।

৩। এক্ষণে উক্ত বকেয়া বেতন-ভাতাদি প্রদানের নিমিত্ত নিম্নোক্ত কাগজ-পত্রাদি প্রয়োজন-

- পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন পূর্ব খাজুর বাড়িয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: আব্দুল মতিন (ইনডেক্স নং- ৪৭১৭২৫) এর সাময়িক বরখাস্তের আদেশ;
- জনাব মো: আব্দুল মতিন-কে বর্ণিত প্রতিষ্ঠানে সুপার পদে পুনর্বহালের বিষয়ে প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির রেজুলেশনের কপি;
- জনাব মো: আব্দুল মতিন-কে সুপার পদে পুনর্বহালের যোগদান পত্র;
- জনাব মো: আব্দুল মতিন-কে বরখাস্তের বিষয়টি কেন্দ্র করে সৃষ্ট মামলা প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ কোন্ডলের কারণে ঘটেছে কিনা সে সংক্রান্ত তথ্য ও কাগজপত্রাদিসহ মহোদয়ের মতামত;

৪। এমতাবস্থায়, উল্লিখিত মতে চাহিত তথ্যাদি আগামি ২৭/১০/২০১৯ তারিখের মধ্যে চাহিত তথ্য টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার  
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।